

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৩২৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৬৮৬]

৫২/ তাফসীর (كتاب تفسير)

পরিচ্ছেদঃ ২৪১৬. আল্লাহ তা'আলার বাণীঃ এবং এরূপই তোমার প্রতিপালকের শাস্তি। তিনি শাস্তি দান করেন জনপদসমূহকে, যখন তারা জুলুম করে থাকে। তার শাস্তি মর্মন্তুদ কঠিন (১১ঃ ১০২) الرِّفْدُ الْمَرْفُوْدُ অর্থাৎ সাহায্য, যে সাহায্য করা হয় (বলা হয়) وَفَدْتُهُ আমি তাকে সাহায্য করলাম। تَرْكُنُوْا व्रेंक পড়। وَفَدْتُهُ কেন হয়িন। أَتْرِفُوْا তাদের ধ্বংস করে দেয়া হল। ইবনু 'আব্বাস (রাঃ) বলেন, زَفْيْرٌ وَشَهِيْقٌ विकট আওয়াজ এবং ক্ষীণ আওয়াজ।

باب قوله وكذلك أخذ ربك إذا أخذ القرى وهي ظالمة إن أخذه أليم شديد الرفد المرفود العون المعين رفدته أعنته تركنوا تميلوا فلولا كان فهلا كان أترفوا أهلكوا وقال ابن عباس زفير وشهيق شديد وصوت ضعيف

আরবী

حَدَّثَنَا صَدَقَةُ بْنُ الْفَصْلِ، أَخْبَرَنَا أَبُو مُعَاوِيَةَ، حَدَّثَنَا بُرَيْدُ بْنُ أَبِي بُرْدَةَ، عَنْ أَبِي بُرْدَةَ، عَنْ أَبِي بُرْدَةَ، عَنْ أَبِي مُوسَى - رضى الله عنه - قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ اللَّهَ لَيُمْلِي لِلظَّالِمِ حَتَّى إِذَا أَخَذَهُ لَمْ يُفْلِتْهُ ". قَالَ ثُمَّ قَرَأَ (وَكَذَلِكَ أَخْذُ رَبِّكَ إِذَا أَخَذَ الْقُرَى وَهْىَ ظَالِمَةٌ إِنَّ أَخْذَهُ أَلِيمٌ شَدِيدٌ)

বাংলা

৪৩২৯। সাদাকা ইবনু ফাযল (রহঃ) ... আবূ মূসা আশ'আরী (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ তা'আলা জালিমদের অবকাশ দিয়ে থাকেন। অবশেষে যখন তাকে পাকড়াও করেন, তখন আর ছাড়েন না। (বর্ণনাকারী বলেন) এরপর তিনি [নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম] এ আয়াত পাঠ করেন। "এবং এরূপই তোমার রবের শাস্তি।" তিনি শাস্তি দান করেন জনপদসমূকে যখন তারা জুলুম করে থাকে। তার শাস্তি মর্মন্তিদ, কঠিন। (১১: ১০২)

English

Narrated Abu Musa:

Allah's Messenger (ﷺ) said, "Allah gives respite to the oppressor, but when



He takes him over, He never releases him." Then he recited:-- "Such is the seizure of your Lord when He seizes (population of) towns in the midst of their wrong: Painful indeed, and severe is His seizure.' (11.102)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন